

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারী কার্যভবন নং-১
আগ্রাবাদ, চট্টগ্রাম।



পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.২২.০০১.১৪-৭০৩

তারিখ: ০৬/১০/২০২২ খ্রি।

বিষয়: বাংলাদেশের সামুদ্রিক মৎস্য আহরণ এলাকায় আগামী ০৭ থেকে ২৮ অক্টোবর ২০২২ খ্রি. (২২ আশ্বিন হতে ১২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক ইলিশসহ সকল বা যে কোন প্রজাতির মৎস্য আহরণ বন্ধ রাখার লক্ষ্যে সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ বাস্তবায়নে ক্ষমতা অর্পণ (Delegation of Power) প্রসঙ্গে।

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮- ৩২২, তারিখ: ২৬/০৯/২০২২ খ্রি।

২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯- ১৩৮, তারিখ: ১২/০৫/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রভুক্ত পত্রের মাধ্যমে আগামী ০৭ থেকে ২৮ অক্টোবর ২০২২ (২২ আশ্বিন হতে ১২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন মেয়াদে সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক ইলিশসহ সকল বা যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারী করেছেন এবং ২নং সূত্রভুক্ত পত্রের মাধ্যমে সরকার সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর অধীন ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রামকে নিযুক্ত করে প্রজ্ঞাপন জারী করেছেন। তৎপ্রেক্ষিতে, ২নং সূত্রভুক্ত পত্রের আলোকে এবং আইনের ৪৩ ধারায় বর্ণিত ক্ষমতাবলে মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপকূলীয় জেলা সমূহের জেলা মৎস্য কর্মকর্তাগণের (চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, বরিশাল, বালকাঠি, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট) এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের নিকট ক্ষমতা অর্পণ (Delegation of Power) করা হলো।

অর্পিত এ ক্ষমতা ০৭ থেকে ২৮ অক্টোবর ২০২২ খ্রি. পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

(ড. মোঃ শরীফ উদ্দিন)
পরিচালক (সামুদ্রিক)
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম

ও

পরিচালক

সামুদ্রিক মৎস্য আইন, ২০২০

ফোন : ০২৩৩৩৩২১৭৩১

E-mail: directormarine@fisheries.gov.bd

জেলা মৎস্য কর্মকর্তা

চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, বরিশাল, বালকাঠি,
পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, বরগুনা, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট
এবং সংশ্লিষ্ট উপকূলীয় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০৩। যুগ্ম সচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। কমান্ডার, বিএন ফ্লিট, নিউ মুরিং, বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম।
- ০৫। উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম/ খুলনা/বরিশাল বিভাগ।
- ০৬। জোনাল কমান্ডার, পূর্ব/দক্ষিণ/পশ্চিম জোন, বাংলাদেশ কোস্টগার্ড বাহিনী, চট্টগ্রাম/ভোলা/খুলনা।
- ০৭। সংশ্লিষ্ট নথি।